



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

৭৪৪৭



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১১৫/ ৭৫৭৬

তারিখঃ ২.১০.২০১৭খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশা/৪০৫/২/নথি নং-রংপুর-১১৫; তারিখঃ ০৩/০৮/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন দোহাজারী বিড়াইবাড়ী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন সংক্রান্ত কোরাম পূরণ না হওয়ায় উক্ত দিনের সভাকে মূলতবী ঘোষণা করে পুনরায় সভা আহ্বান কেন করা হলো না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রে উল্লিখিত স্মারকে মাদ্রাসার সুপারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে মাদ্রাসার সুপার একখানা জবাব দাখিল করেছেন, যা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৮ এ “ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন।--(১) দাখিল স্তরের প্রত্যেক বেসরকারি মাদ্রাসার সভাপতি ব্যতীত অন্যান্য সদস্য নির্বাচন সম্পন্ন হইবার অনধিক সাত দিনের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে ম্যানেজিং কমিটির উক্তরূপ নির্বাচিত সদস্যগণের একটি সভা আহ্বান করিবেন এবং উক্ত সভায় নির্বাচিত সদস্যগণের ন্যূনতম দুই তৃতীয়াংশের উপস্থিতি নিশ্চিত করিবেন। (২) উক্ত ম্যানেজিং কমিটির প্রিজাইডিং অফিসার, যিনি নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত ছিলেন, সভায় সভাপতিত্ব করিবেন। (৩) উক্ত সভায় উপস্থিত নির্বাচিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের সমর্থনে কমিটির সদস্যগণের মধ্য হইতে অথবা স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি বা অবসরপ্রাপ্ত প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে ম্যানেজিং কমিটির একজন সভাপতি নির্বাচিত হইবেন” মর্মে উল্লেখ রয়েছে।

এছাড়া প্রবিধান ৩৫ এ “সভা পরিচালনা পদ্ধতি।--(১) সকল সভা সংশ্লিষ্ট বেসরকারি মাদ্রাসায় অনুষ্ঠিত হইবে। (২) গভার্ণিং বডির বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির সভাপতি সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে সংশ্লিষ্ট সদস্য সচিব ও শিক্ষক সদস্যগণ ব্যতীত উপস্থিত অন্য সদস্যগণের মধ্য হইতে উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের সমর্থনে কোন সদস্যের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হইবে। (৩) মোট সদস্য সংখ্যার অর্ধেক সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে, তবে অর্ধেক সংখ্যা গণনায় কোন ভগ্নাংশ দেখা দিলে পরবর্তী পূর্ণ সংখ্যা কোরামের জন্য বিবেচনায় আনিতে হইবে। (৪) যদি কোন সভায় কোরাম পূর্ণ না হয় তাহা হইলে সভা পরবর্তী কার্যদিবস পর্যন্ত মূলতবী থাকিবে এবং উক্ত কার্যদিবসে পূর্ব দিনের নির্ধারিত স্থান ও সময়ে উক্ত মূলতবী সভা অনুষ্ঠিত হইবে।(৫) মূলতবী সভায় কোরাম প্রয়োজন হইবে না এবং উপস্থিত সদস্যগণের দ্বারা সভার কার্য পরিচালনা করা যাইবে” মর্মে বিধান রয়েছে।

বর্ণিত অবস্থায় সুস্পষ্ট বিধান অনুসরণ না করে কেন সভা অনুষ্ঠান করা হলো না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৭৫৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, দোহাজারী বিড়াইবাড়ী দাখিল মাদ্রাসা, তারাগঞ্জ, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১১৫/ ৭৫৭৬

তারিখঃ ২.১০.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর।
৪. সভাপতি, দোহাজারী বিড়াইবাড়ী দাখিল মাদ্রাসা, তারাগঞ্জ, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

৭৫৭
২/১০/১৭
মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪